

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা

স্মারক নং-৪৬.০৪৫.০২২.০৯.০২.০০২.২০১১-১৩৫


তারিখঃ ২১.০৯.২০১১ খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ২৯(১) নং ধারা মতে উপজেলা পরিষদ কর্তৃক ১৪ (চৌদ্দ)টি বিষয়ে  
০১ (এক) টি করে কমিটি গঠন।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৫.০২২.০৯.০২.০০২.২০১১-২৩২৭, তারিখঃ ২৩.০৬.২০১১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ২৯(১) নং ধারামতে উপজেলা পরিষদ কর্তৃক কমিটিসমূহ গঠনপূর্বক ১৫-০৭-২০১১ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু অধিকাংশ উপজেলা পরিষদ থেকে কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। উপজেলা পরিষদের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে কমিটিসমূহ গঠন ও সুচারুভাবে পরিচালনা করা জরুরী। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানকে কমিটির সভাপতি উপজেলা পরিষদের সদস্যবৃন্দকে কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট বিভাগের উপজেলা পর্যায়ের কর্মকর্তাকে সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্য-সচিব করা বাঞ্ছনীয়।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা, ২০১০ এর ৪ ও ৫ ক্রমিকে বর্ণিত প্রদত্ত দায়িত্বের আলোকে ভাইস চেয়ারম্যানদ্বয়কে বিভিন্ন কমিটির সভাপতি ও সংশ্লিষ্ট বিভাগের উপজেলা পর্যায়ের কর্মকর্তাকে কমিটির সদস্য-সচিব মনোনয়ন করে কমিটি গঠনপূর্বক উপজেলা পরিষদ সভায় তা অনুমোদনক্রমে আগামী ১২-১০-২০১১ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

  
২৭/০৯/২০১১  
(অশোক মাধব রায়)  
যুগ্মসচিব (প্রশাসন)  
ফোন : ৭১৬৪৪৪৩

**বিতরণ :**


১. চেয়ারম্যান (সকল)  
-----উপজেলা পরিষদ  
----- জেলা
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল)  
-----উপজেলা পরিষদ  
----- জেলা

স্মারক নং-৪৬.০৪৫.০২২.০৯.০২.০০২.২০১১-১৩৫

তারিখঃ ২১.০৯.২০১১ খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে :**

- (১) জেলা প্রশাসক (সকল)-----জেলা
- (২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা

  
২৭/০৯/২০১১  
(অশোক মাধব রায়)  
যুগ্মসচিব (প্রশাসন)